

শিক্ষার মানোন্নয়নে আইসিটি অবিচ্ছেদ্য অংশ : শিক্ষামন্ত্রী

যুগান্তর রিপোর্ট

শিক্ষার মানোন্নয়নে অবিচ্ছেদ্য অংশে পরিণত হয়েছে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি)। এ জন্য শিক্ষকদের আইসিটিতে দক্ষ করে গড়ে তোলার উদ্যোগ নেয়া হয়েছে। তারই অংশ হিসেবে দেশের ১২৫ উপজেলায় নির্মাণ করা হচ্ছে আইসিটি ভবন। পর্যায়ক্রমে দেশের সব উপজেলায় আইসিটি ভবন নির্মাণ করা হবে।

রোববার শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরোতে (ব্যানবেইস) সারা দেশে শিক্ষা প্রতিষ্ঠান জরিপ কার্যক্রম উপলক্ষে আয়োজিত প্রেস ব্রিফিংয়ে এসব কথা বলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। শিক্ষামন্ত্রী বলেন, আইসিটি ভবনে শিক্ষকদের তথ্যপ্রযুক্তিসহ শিক্ষার বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দেয়া হবে। পাশাপাশি শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক আইসিটি সনাক্তা সনাক্তাধান করা হবে। প্রেস ব্রিফিংয়ে অন্যদের মধ্যে শিক্ষা সচিব নজরুল ইসলাম খান, ব্যানবেইসের পরিচালক মো. ফরিদুল্লাহ বক্তৃতা করেন। এ সময় মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (সিউপি) মহাপরিচালক অধ্যাপক ফাহিমা খাতুন, অতিরিক্ত সচিব হেলাল উদ্দিন, যুগ্ম সচিব রুহী রহমানসহ অন্যান্য উপস্থিত ছিলেন। শিক্ষা সচিব জানান, দেশে সব শিক্ষা প্রতিষ্ঠানে ডাইনামিক ওয়েবসাইট খোলার উদ্যোগ নেয়া হয়েছে। এতে শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিদিনের ছাত্র-শিক্ষক উপস্থিতিসহ বিস্তারিত শিক্ষা কার্যক্রম জানা যাবে। সব শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েবসাইট নিয়ে একটি ওয়েবপোর্টাল করা হচ্ছে যাতে দেশের যে কোনো স্থান থেকে পুরো দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোর শিক্ষা কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যাবে।

১০ অক্টোবর থেকে শুরু হয়েছে সারা দেশে শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মাসব্যাপী জরিপ কাজ। www.banbeis.gov.bd ওয়েবসাইটে তথ্য পাঠাচ্ছে প্রতিষ্ঠানগুলো।